স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৩ ও জুন, ২০১৪

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

অষ্টম পত্র (8th Paper : **Anubad, Bananbidhi, Sampadona, Anuchhed, Protibedan**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) অনুবাদ চর্চার কারণ ও বাংলা ভাষায় অনুবাদ চর্চার সূচনা সম্পর্কে আলোচনা করুন। বাংলায় কোন্ দুটি প্রধান ভাষা থেকে অনুবাদের বিস্তার ঘটেছে ? প্রাচীন, মধ্য ও আধুনিক যুগের (১৮৬০ খ্রিস্টাব্দ পর্যন্ত) অনুবাদ সাহিত্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) উইলিয়ম কেরি থেকে বঙ্কিমচন্দ্র পর্যন্ত — বিশিষ্ট গদ্য লেখকদের গদ্য রচনায় বানান বিবর্তন কীভাবে ঘটেছে, তা' সংক্ষেপে বিবৃত করুন।

(গ) শব্দের বানানে ই-ঈ প্রয়োগে রবীন্দ্রনাথের প্রবণতা কোন্‌দিকে আলোচনা করে, এক্ষেত্রে রবীন্দ্রনাথ, প্রমথ চৌধুরী ও অন্নদাশঙ্করের প্রবণতার মিল আর গরমিল কোথায় দেখিয়ে দিন।

(ঘ) বাংলা বর্ণ ও তার উচ্চারণের অসঙ্গতি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন। এই সমস্যার সমাধানকল্পে যে সমস্ত ভাবনাচিন্তা করা হয়েছে তার পরিচয় দিন।

(ঙ) গণমাধ্যমের প্রতিবেদন রচনায় প্রতিবেদককে কী কী বিষয় জানতে হয় ? প্রতিবেদকের দায়িত্ব ও নির্দিষ্ট কর্তব্য সম্পর্কে বিশদ আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) সংবাদ প্রতিবেদনের ভাষা বৈশিষ্ট্য, প্রুফ সংশোধন, টাইপ সজ্জা ও মার্জিন এবং শিরোনাম-উপশিরোনাম -এর প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করুন।

(খ) বাংলা চলিত গদ্যরীতির প্রয়োগে প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরের দুলাল' এবং কালীপ্রসন্ন সিংহের 'হুতোম প্যাঁচার নক্‌শা'র বানান বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দিন।

(গ) বাংলা বানান সংস্কারের প্রাসঙ্গিকতা সম্পর্কে বিশদ আলোচনা করুন। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত ২০-দফা বানান বিধিগুলি উল্লেখ করুন।

(ঘ) অনুবাদ, ভাবানুবাদ ও রূপান্তরের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

(ঙ) গ্রন্থ ও সাময়িক পত্র সম্পাদনের কাজের গুরুত্ব ও দায়িত্ব সম্পর্কে বিশদ আলোচনা করুন।

(চ) বাংলা বর্ণ ও তার উচ্চারণের অসঙ্গতি ও তার কারণ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

(ছ) একজন সাংবাদিকের সংবাদ সংগ্রহের সূত্রগুলি উল্লেখ করুন। খবরের 'বীট' বলতে কী বোঝায় ?

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) নিউজ রুমের দায়িত্ব কার ? তাঁর প্রধান কাজ কী ?

(খ) 'কপি পরীক্ষা', 'সংবাদ সংকলন' কী ও কেন করা হয় ?

(গ) সংবাদপত্রের অঙ্গসজ্জা ও তার নীতিগুলি বুঝিয়ে দিন।

(ঘ) মুদ্রণশিল্পে প্রুফ রীডারের ভূমিকা আলোচনা করুন।

(ঙ) 'লিডার রাইটার'-এর ভূমিকা কী ?

(চ) অনুচ্ছেদ রচনা করুন : ভারতের জাতীয় সংহতি। [সংকেত : ভূমিকা - প্রাচীন ভারতের সংহতি - জাতীয় সংহতির গুরুত্ব - বর্তমান রাজনৈতিক ও সামাজিক প্রেক্ষাপট - বিচ্ছিন্নতাবাদ - প্রতিরোধের উপায় সন্ধান - উপসংহার।]

(ছ) নীচের শব্দগুলির বানান আকাদেমি বিধি অনুসরণে সংশোধন করুন (যে কোন **৬টি**):

কৃষ্ণ, বক্তা, মঞ্চ, শ্রদ্ধা, ঊর্ম্মি, দুঃস্থ, মর্ম্ম, বৃদ্ধ।